



জুলাইয়ের চেতনার বাস্তবায়ন চাই: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানকে কেবল আনুষ্ঠানিক কর্মসূচির মধ্যে সীমাবদ্ধ না রেখে এর লক্ষ্য ও প্রত্যাশা বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। তিনি বলেন, আন্দোলনের দুই বছর পরও অনেক শহীদ ও আহত ব্যক্তি ন্যায়বিচার পাননি এবং বিচারপ্রক্রিয়ার গতি নিয়ে হতাশা রয়েছে। বুধবার (১ জুলাই) রায়েরবাজারে জুলাই গণঅভ্যুত্থানে নিহতদের স্মরণে গণকবর জিয়ারত শেষে তিনি এসব কথা বলেন। এদিন থেকেই এনসিপির ঘোষিত ৩৬ দিনের কর্মসূচি শুরু হয়।

নাহিদ ইসলাম বলেন, জুলাই আন্দোলনের স্মৃতিবিজড়িত স্থান ও কবরগুলো সংরক্ষণ করা জরুরি। পাশাপাশি আহতদের পুনর্বাসন, জুলাই সনদ বাস্তবায়ন এবং রাষ্ট্র কাঠামোর প্রয়োজনীয় সংস্কারের দাবিও জানান তিনি।

তিনি আরও বলেন, জুলাই জাতীয় জাদুঘর দ্রুত চালু করা উচিত। নির্ধারিত সময়ের মধ্যে এটি চালু না হলে জনগণ নিজেরাই উদ্যোগ নেবে বলেও মন্তব্য করেন তিনি। একই সঙ্গে সরকারকে জুলাই গণঅভ্যুত্থানের আদর্শের প্রতি প্রতিশ্রুতি প্রমাণ করার আহ্বান জানান।

হাসানুল হক ইনুকে দেওয়া ১০ বছরের কারাদণ্ড প্রসঙ্গে নাহিদ ইসলাম বলেন, এই সাজা অপরিষ্কার বলে তাদের দলের মত। রাষ্ট্রপক্ষ রায়ের বিরুদ্ধে আপিল করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

এছাড়া, জুলাই গণঅভ্যুত্থান-সংশ্লিষ্ট মামলাগুলোর দ্রুত নিষ্পত্তি এবং পলাতক আসামিদের বিরুদ্ধে আইনগত প্রক্রিয়া এগিয়ে নেওয়ার আহ্বানও জানান তিনি।